



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

‘স্বাধীকা সারথি মুজিব’ শীর্ষক সাময়িকী’র মোড়ক উন্মোচন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ ডিসেম্বর ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘স্বাধীকা সারথি মুজিব’ শীর্ষক সাময়িকী’র মোড়ক উন্মোচন করা হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং ম্যানেজমেন্ট স্টাডিজ এসোসিয়েশনের সহযোগিতায় ২৮ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স কমপ্লেক্সে ‘স্বাধীকা সারথি মুজিব’ শীর্ষক সাময়িকী’র মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন বীরাঙ্গনা মনোয়ারা বেগম। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. আবদুল্লাহ আল মাসুদের সভাপতিত্বে অনুষ্ঠিত ‘স্বাধীকা সারথি মুজিব’ শীর্ষক সাময়িকী’র মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সম্পাদনা পর্ষদ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক আবিদ হোসেন, প্রভাষক সুরজিত কুমার মন্ডল, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থী কাজী হাফিজুর রহমান ও রফিকুল ইসলাম ইয়ামিন। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং ম্যানেজমেন্ট স্টাডিজ এসোসিয়েশনের পক্ষ থেকে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতিকে সম্মাননা স্বরূপ ক্রেস্ট প্রদানসহ ‘স্বাধীকা সারথি মুজিব’ শীর্ষক লেখনি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস